**বাংলাদেশ নির্বাচন কমিশন**
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
জনবল ব্যবস্থাপনা শাখা-১
www.ecs.gov.bd

বিষয়ঃ নিয়োগ তথ্য ওয়েব সাইটে প্রকাশ প্রসঙ্গে।

নির্বাচন কমিশন সচিবালয়ে ৩৫ তম বিসিএস পরীক্ষার নন-ক্যাডার পদের প্রার্থীদের মধ্য হতে ০২ (দুই) জনকে 'উপজেলা/থানা নির্বাচন অফিসার' পদে আগামী ১৬ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে নির্বাচন কমিশন সচিবালয়ে যোগদানের জন্য নিয়োগপত্র জারি করা হয়েছে। নিয়োগপত্রটি নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৩-০৯-২০১৮

সংযুক্তিঃ ৩ (তিন) পাতা

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জঃব্যঃ-১)
ফোনঃ ৫৫০০৭৫৩৭
মোবাইলঃ ০১৫৫০০৪২০৩২

সিস্টেম ম্যানেজার
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

ইউ.ও নোট নং- ১৭.০০.০০০০.০১৫.১৯.০৫২.১৬(২য় খন্ড)-৫০৫ তারিখঃ ০৩ সেপ্টেম্বর ২০১৮

D:\D Drive\27.09.2017\UEO Recruit_2017\Recruite Letter-2017.doc

রেজিস্ট্রার্ড

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নথি নং- ১৭.০০.০০০০.০১৫.১১.০৫২.১৬ (২য় খন্ড)-৫০৪

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৫
০৩ সেপ্টেম্বর ২০১৮

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৬ জুলাই ২০১৭ তারিখের ৮০.০০.০০০০.০১১.০১১.১২.২০১৬-১০৪ ও ১০ অক্টোবর ২০১৭ তারিখের ৮০.০০.০০০০.০১১.০১১.১২.২০১৬-১৭৩ নং পত্রের সুপারিশক্রমে নিম্নবর্ণিত ০২ (দুই) জন-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৯ অনুযায়ী ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ টাকার বেতন স্কেলে 'উপজেলা/থানা নির্বাচন অফিসার' পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হইলঃ

| ক্রমিক নং | পিএসসি কর্তৃক প্রেরিত মেধাক্রম | রেজিষ্ট্রেসন নম্বর | নাম | পিতার নাম | স্থায়ী ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ২ | ৭০৩৪৯৮ | তাজাল্লি ইসলাম | মোঃ বাহারুল ইসলাম | গ্রাম/শহর-টংভাঙ্গা<br>ডাকঘর-হাতীবান্ধা<br>থানা/উপজেলা-হাতীবান্ধা<br>জেলা-লালমনিরহাট | লালমনিরহাট |
| ২ | ৩ | ০৫৪৩৭৪ | তানজুমা হাসান অর্চি | এম. হাসান ইমাম | গ্রাম/শহর-ফুলবাড়িয়া<br>ডাকঘর- দিলালপুর<br>থানা/উপজেলা-বাজিতপুর<br>জেলা-কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ |

(ক) নির্বাচন কমিশন সচিবালয়ের আদেশক্রমে তাঁহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকার/কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়ের উপর বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ বুনিয়াদি প্রশিক্ষণের পূর্বে বা পরে তাঁহাকে অন্য যেকোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;

(খ) বুনিয়াদি প্রশিক্ষণ ছাড়াও কর্তৃপক্ষের অভিপ্রায় অনুযায়ী তাঁহাকে পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ) উপজেলা/থানা নির্বাচন অফিসার পদে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকরি হইতে অপসারণ করা যাইবে। এছাড়া, তিনি যদি স্বেচ্ছায় চাকরি হইতে অব্যাহতি পাইতে চান তবে ১৪ দিন পূর্বে অবহিত করিতে হইবে অন্যথায় ১৪ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানসহ প্রশাসনিক অনুমোদনের মাধ্যমে অব্যাহতি নিতে পারিবেন;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং যদি শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয়, তাহা হইলে তাঁহাকে চাকরিতে স্থায়ী করা হইবে;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

D:\D Drive\27.09.2017\CEO Recruit_2017\Upazilla Election Officer's Appointment Letter of 2018.docx

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি আপনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরি হইতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাঁহাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষ্যে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবেন;

(চ) যদি তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেঙ্গল অ্যাক্ট নং-৩) এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) তাঁহার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হইবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঝ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাঁহার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-আদেশ এবং নির্বাচন কমিশন সচিবালয়/সরকার/কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁহার চাকরি নিয়ন্ত্রিত হইবে;

(ঞ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। যদি উল্লিখিত শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য হয়, তবে আগামী ১৬ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ/ ০১ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ তারিখে সম্মতিপত্রসহ 'উপজেলা/থানা নির্বাচন অফিসার' হিসাবে নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হইল। উক্ত তারিখে যোগদান না করিলে চাকরিতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১)
ফোনঃ ৫৫০০৭৫৩৭
মোবাইলঃ ০১৫৫০০৪২০৩২

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়



নথি নং- ১৭.০০.০০০০.০১৫.১১.০৫২.১৬ (২য় খন্ড)-৫০৪ তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৫ / ০৩ সেপ্টেম্বর ২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা [সূত্রঃ তাঁহার ১৬ জুলাই, ২০১৭ তারিখের ৮০.০০.০০০০.০১১.০১১.১২.২০১৬-১০৪ ও ১০ অক্টোবর ২০১৭ তারিখের ৮০.০০.০০০০.০১১.০১১.১২. ২০১৬-১৭৩ নং পত্রের সুপারিশ অনুযায়ী]।
৫। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৮। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৯। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।
১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, --------------------- (সকল)।
১১। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও ঢাকা। বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সি.এন্ড.এজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
১৪। নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।
১৫। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৬-১৯। মাননীয় নির্বাচন কমিশনার, জনাব.............................................................-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
২০। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ........................................... (সকল)।
২২। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................................. (সকল)।
২৩। জনাব/বেগম.................................................................।

০৩-০৯-২০১৮

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১)

D:\D Drive\27.09.2017\UEO Recruit_2017\Upazilla Election Officer's Appointment Letter of 2018.docx

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd